

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-১০

তারিখ : ০৯/০১/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ প্রসঙ্গে

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-১৭৯, তারিখ : ০৩/০৫/২০১৬ খ্রিঃ
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৩৮১ তারিখ : ০৮/০৯/২০১৬ খ্রিঃ
৩। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৪৬৫ তারিখ : ২১/১১/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে সৃজিত আত্মকর্মীদের তালিকা (গুরু হতে এ পর্যন্ত) ওয়েবসাইটে আপলোড করার প্রক্রিয়ায় কিছু তথ্য বা ফাইল, ডকুমেন্ট ট্রান্সফার পদ্ধতিতে ইতোপূর্বে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উপজেলা হতে আপলোডকৃত তথ্যসমূহ অসম হওয়ায় উহা ব্যবহার করে স্ব-স্ব উপজেলার জন্য স্বয়ংক্রিয় ডাটাবেজ তৈরী করা সম্ভব হচ্ছেনা বিধায় সূত্রোক্ত ১নং পত্রের পদ্ধতি অনুসরণপূর্বক তথ্যসমূহ এক্সেল ফাইলে রূপান্তর করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে কিছু সংখ্যক উপজেলা হতে তথ্য/তালিকা প্রেরণ করা হলেও প্রেরিত তথ্য তালিকায় পুনরায় কিছু ত্রুটি যেমন (ত্রি), (“ ”), (,), (।), (-) এবং তারিখের ঘরে ৮টি ডিজিটের সংখ্যা ০১/০১/২০১৭ না দিয়ে ৪ ডিজিটের সংখ্যা যেমন ১/১/১৭ ব্যবহার করা হয়েছে। ফলে পুনঃপ্রেরিত তথ্যাবলীও সফটওয়্যারের মাধ্যমে সরাসরি কনভার্ট করা সম্ভব হচ্ছে না। প্রকৃত পক্ষে সংশোধিত তথ্য/তালিকায় বর্ণিত ৫ ধরনের চিহ্ন ব্যবহার করা যাবে না এবং ০৪ ডিজিটের তারিখের পরিবর্তে ০৮ ডিজিটের তারিখ ব্যবহার করতে হবে।

এমতাবস্থায়, যেসব উপজেলা হতে বর্ণিত ত্রুটিযুক্ত ফাইল প্রেরণ করা হয়েছে এবং যে সকল উপজেলা হতে কোন তথ্য প্রেরণ করা হয়নি সে সকল উপজেলাকে এ বিষয়ক তথ্য সংযুক্ত ছকের উদাহরণ অনুসরণ করে ১২/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :- ২(দুই) পাতা।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (দাঃবিঃও ঋণ)

ফোন : ৯৫৫৬৭২১

১। উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....(সকল) জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর

..... (সকল) উপজেলা জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-১০

তারিখ : ০৯/০১/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩। দপ্তর নথি।

(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (দাঃবিঃও ঋণ)